তারিখ ২২।৭।৮০
পৃষ্ঠা ... কলাম ...

অনুবাদ



# একটি বিদ্যালয়ের কাহিনী

ফরিদপুর, ২০শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।— ফরিদপুর শহরের অদূরে অবস্থিত গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টির অবস্থা দিন দিন শোচনীয় হয়ে উঠছে। বিদ্যালয়টির বর্তমান ছাত্র সংখ্যা ৪৭৫ জন। শিক্ষক মাত্র ৬ জন। এর মধ্যে আবার একজন শিক্ষিকা গত ডিসেম্বর মাস হতে অদ্যাবধি ছুটিতে রয়েছেন। নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে, উক্ত শিক্ষিকা নাকি কোন এক থানা শিক্ষাঅফিসারের পত্নী।

বিদ্যালয়টির ১ম শ্রেণীর ছাত্র সংখ্যা ১৭৫ জন ও ২য় শ্রেণীতে রয়েছে ২৫০ জন বেঞ্চে স্থান সংকুলান না হওয়ায় অনেক ছাত্রকে দাড়িয়েই ক্লাস করতে হচ্ছে। অবশ্য সমস্ত ছাত্র উপস্থিত হলে ক্লাস কক্ষে দাড়াবার স্থানও ছাত্ররা পায় না। এছাড়া স্কুলটিতে কোন দপ্তরি নেই। ফলে গোবিন্দপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টির অবস্থা বেহাল হয়ে উঠেছে।